

া সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৩৪

২২/ সাওম [রোযা] (১যা়্না)

পরিচ্ছেদঃ ৪২/ সাওম পালনকারীর ফযীলত সম্পর্কে আবু উমামা (রাঃ) এর হাদীসে মুহাম্মাদ ইবন আবু ইয়াকুব (রহঃ) থেকে বর্ণনাকারীদের বর্ণনা পার্থক্যের উল্লেখ

باب ذِكْرِ الإِخْتِلاَفِ عَلَى مُحَمَّدِ بْنِ أَبِي يَعْقُوبَ فِي حَدِيثِ أَبِي أُمَامَةَ فِي فَضْلِ الصَّائِم

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قَالَ حَدَّتَنَا اللَّيْتُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي هِنْدٍ، أَنَّ مُطَرِّفًا، _ رَجُلٌ مِنْ بَنِي عَامِرِ بْنِ صَعْصَعَةَ _ حَدَّثَهُ أَنَّ عُتْمَانَ بْنَ أَبِي الْعَاصِ دَعَا لَهُ بِلَبَنٍ لِيَسْقِيَهُ فَقَالَ مُطُرِّفٌ إِنِّي صَائِمٌ فَقَالَ عُتْمَانُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " الصِّيَامُ جُنَّةً كَجُنَّةٍ أَحَدِكُمْ مِنَ الْقِتَالِ " .

বাংলা

২২৩৪। কুতায়বা (রহঃ) ... সাঈদ ইবনু আবূ হিনদ (রহঃ) থেকে বর্ণিত যে, আমির ইবনু সা'অসা'আ গোত্রের মুতাররিফ (রহঃ) নামক জনৈক ব্যক্তি বর্ণনা করেছেন যে, উছমান ইবনু আবুল আস (রাঃ) তাকে পান করাবার জন্য দুধ আনালে তিনি বললেন যে, আমি সাওম (রোযা/রোজা/সিয়াম/ছিয়াম) পালন করছি। তখন উছমান (রাঃ) বললেনঃ আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি যে, সাওম ঢাল স্বরূপ, তোমাদের যুদ্ধে ব্যবহৃত ঢালের ন্যায়।

English

It was narrated from Saeed bin Abi Hind that Mutarrif a man from Banu 'Amir bin Sa'sa'ah told him that:

'Uthman bin Abi Al-As called for milk to be given to him (Mutarrif) to drink. Mutarrif said: 'I heard the Messenger of Allah say: 'Fasting is a shield like the shield of any one of you in battle."' Abu Hurairah said: "The Messenger of Allah said: 'Fasting is a shield."

ফুটনোট



[সহীহ। ইবন মাজাহ **১৬৩**৯]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু আবূ হিন্দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন